অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/14/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল মোবাইল ক্রীড়া বাজি খেলার প্রথম 30 দিনের জন্য প্রায় 2 বিলিয়ন মার্কিন ডলার বাজির ঘোষণা করলেন

রেকর্ড-ভাঙ্গা সাফল্য 70 মিলিয়ন মার্কিন ডলারের বেশি কর রাজস্ব সৃষ্টি করে যার প্রায় পুরোটিই শিক্ষাখাতে ব্যবহার হয়; শিশুদের ক্রীড়া ও জুয়া আসক্তিও লাভবান হয়

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেটে মোবাইল ক্রীড়া বাজি খেলার (mobile sports wagering) সফল শুরুর ঘোষণা করলেন, যেখানে কর্মকাণ্ডের প্রথম 30 দিনের জন্য প্রায় 2 বিলিয়ন মার্কিন ডলার বাজি ছিলো। অন্য সকল স্টেটের সর্বকালের সকল পরিমাণের থেকে বেশি এই রেকর্ড-ভাঙ্গা সাফল্য নিউ ইয়র্ক স্টেটের জন্য 70 মিলিয়ন মার্কিন ডলারের বেশি কর রাজস্ব সৃষ্টি করবে, ফলে শিক্ষা, শিশু ক্রীড়া, এবং অন্যান্য বিষয়ে সমর্থক কর্মসূচিসমূহকে তহবিল বরাদ্দ দেওয়া যাবে।

"গত এক মাসে, আমরা দেখেছি কীভাবে মোবাইল ক্রীড়া বাজি খেলা নিউ ইয়র্কের অর্থনৈতিক একটি ইঞ্জিন হয়ে উঠতে পারে, যা আমাদের স্কুল, শিশু ক্রীড়া, এবং অন্য আরো অনেক স্থানে উল্লেখযোগ্য তহবিলের সৃষ্টি করতে পারবে," **গভর্নর হোকল বলেন।** "যেহেতু নতুন এই শিল্পটি বিকশিত হচ্ছে, তাই নিউ ইয়র্ক নিশ্চিত করবে যাতে এটিকে সকলের জন্য সফল করতে প্রয়োজনীয় সংস্থান ও নির্দেশনা আমাদের থাকে।"

8 জানুয়ারি, 2022 তারিখে নিউ ইয়র্ক স্টেটে মোবাইল ক্রীড়া বাজি খেলা শুরু হয়; তখন থেকে নিউ ইয়র্কে 1.98 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বাজি ধরা হয়েছে। মোট গ্রস গেমিং রাজস্ব ছিলো 138 মিলিয়ন মার্কিন ডলারের বেশি, স্টেটের জন্য 51 শতাংশ কর হারে, এই বাজিগুলি 70.6 মিলিয়ন মার্কিন ডলারের বেশি কর রাজস্ব এনেছে। স্টেটের আইন অনুযায়ী, মোবাইল ক্রীড়া বাজি খেলা শিল্প থেকে অর্জিত কর রাজস্ব প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা, শিশু ক্রীড়া কর্মসূচির অনুদান, সম্পত্তির কর ত্রাণ, এবং জুয়া আসক্তি প্রতিরোধ, চিকিৎসা ও পুনরুদ্ধার পরিষেবার ক্ষেত্রে ব্যবহার করতে হবে।

গত বছর, গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের গেমিং কমিশনকে (New York State Gaming Commission) নির্দেশনা দিয়েছিলেন নিউ ইয়র্ক স্টেটে কর্মকাণ্ড শুরু করার জন্য লাইসেন্স কোম্পানিগুলিকে দিয়ে আবশ্যিক প্রবিধান সম্পূর্ণ করানোর মাধ্যমে মোবাইল ক্রীড়া বাজি খেলা শুরু করার প্রস্তুতি নেওয়ার জন্য, যার অনুমোদন পূর্বেই বিধানসভা প্রদান করেছে। এই ব্যবস্থা

গ্রহণের ফলে স্টেটের বাসিন্দারা প্রতিবেশী স্টেটে গিয়ে বাজি ধরবে না, বরং নিউ ইয়র্কের জুয়াড়িরা নিউ ইয়র্কে থাকবে।

গেমিং কমিশনের নির্বাহী পরিচালক রবার্ট উইলিয়ামস বলেন, "8 জানুয়ারি গভর্নর হোকল মোবাইল ক্রীড়া বাজি খেলা শুরু করার ফলে, এ ব্যাপারে আর কোনও সন্দেহ রইলো না যে এম্পায়ার স্টেটে অনলাইন ক্রীড়া বাজি ধরার ব্যাপারে ব্যাপক উৎসাহ রয়েছে, এটি মাত্রই মাসিক কর রাজস্বের ক্ষেত্রে একটি জাতীয় রেকর্ড সৃষ্টি করেছে।"

অ্যাডিকশন সার্ভিসেস এবং সাপোর্টস অফিসের (Office of Addiction Services and Supports, OASAS) কমিশনার শিনাজো কানিংহ্যাম বলেন, "OASAS জুয়া আসক্তি সংক্রান্ত সহায়তার প্রয়োজনে থাকা ব্যক্তি ও পরিবারের জন্য আমাদের স্টেটের সকল সমর্থন ও সংস্থানের সুযোগ নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। মোবাইল ক্রীড়া জুয়াখেলা শুরু করার ফলে সৃষ্ট রাজস্ব জুয়া আসক্তি প্রতিরোধ, চিকিৎসা এবং পুনরুদ্ধার পরিষেবার জন্য অতি প্রয়োজনীয় আর্থিক সমর্থন প্রদান করবে।"

স্টেটের সিনেটর জোসেফ অ্যাডাবো জুনিয়র বলেন, "যখন আমরা নিউ ইয়র্কে মোবাইল ক্রীড়া বাজি খেলা এনেছি, তখন আমরা আত্মবিশ্বাসী ছিলাম যে এটি সফল হবে, কিন্তু আমাদের একদম প্রথম মাসে, প্রাথমিকভাবে মাত্র ছয়টি স্পোর্টসবুক নিয়ে এক মাসে ক্রীড়া বাজির মোট পরিমাণের জাতীয় রেকর্ড ভেঙ্গে ফেলা ফলপ্রসূ এবং আশাপ্রদ। এই রেকর্ড ভাঙ্গা প্রমাণ করে যে নিউ ইয়র্ক মোবাইল ক্রীড়া বাজি খেলার জন্য প্রস্তুত এবং আমরা আমাদের স্টেটকে একটি নতুন উল্লেখযোগ্য রাজস্ব, শিক্ষামূলক ও আসক্তির তহবিলের উৎস প্রদান করছি। এছাড়াও এটি আমাদেরকে পরবর্তী পদক্ষেপ সম্পর্কে নির্দেশনা দেয়, যা দৃঢ় ভিত্তির উপর গড়ে উঠবে, বিশেষ করে যেহেতু সামনেই সুপারবোল এবং মার্চ ম্যাডনেস রয়েছে। নিউ ইয়র্কে মোবাইল ক্রীড়া বাজি খেলার ভবিষ্যৎ অত্যন্ত উজ্জ্বল!"

অ্যাসেম্বলি সদস্য জে. গ্যারি প্রেটলো বলেন, "প্রথম মাসেই 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি পরিমাণ ক্রীড়া বাজি খেলার ফলে, নিউ ইয়র্ক স্টেট বিশ্বের ক্রীড়া বাজি খেলার রাজধানী হওয়ার জন্য ভালো অবস্থায় রয়েছে। আমি খুশি যে গেমিং কমিশন এটি নিয়ে দ্রুততার সাথে কাজ করেছে যাতে প্রত্যাশার দুই সপ্তাহ আগেই অপারেটরদের নির্ণায়ক স্থাপন করা যায়।"

6 জানুয়ারি, 2022 তারিখে কমিশন চারটি প্ল্যাটফর্ম প্রদানকারী এবং অপারেটরকে 8 জানুয়ারি, 2022 তারিখ থেকে কর্মকাণ্ড কার্যকর করার অনুমোদন প্রদান করেছে, তারা হলো সিজার্স (Caesars), ড্র্যাফ্টকিংস (DraftKings), ফ্যানডুয়েল (FanDuel), এবং রাশ স্ট্রিট ইন্টারেক্টিভ (Rush Street Interactive)। তখন থেকে, আরো 3টি অপারেটর কার্যক্রম শুরু করেছে, তারা হলো বেট MGM (Bet MGM), পয়েন্টস বেট (Points Bet) এবং উইন ইন্টারেক্টিভ (Wynn Interactive)। মার্কিন যুক্তরাষ্ট্রের সকল বড় অপারেটর জমাকৃত নিলামে অন্তর্ভুক্ত ছিলো যাদের মধ্যে থেকে 8টি প্ল্যাটফর্ম প্রদানকারী এবং 9টি অপারেটর বাছাই করা হয়েছে।

জিওলোকেশন আবশ্যিকতা নিশ্চিত করার জন্য স্পোর্টসবুক ব্যবহৃত একটি সফটওয়্যার ফার্ম, জিওকমপ্লাই (GeoComply) অনুযায়ী, 187টির বেশি বিনিময়ের জন্য 1.76 মিলিয়নের বেশি

অনন্য খেলোয়াড় অ্যাকাউন্ট ব্যবহার করা হয়েছে। বাজি ধরার সময় মানুষ যাতে নিউ ইয়র্ক স্টেট সীমার ভেতরে তা করে তা নিশ্চিত করতে অব্যাহতভাবে জিওলোকেশন নির্ণয় করা হচ্ছে।

2022 অর্থবছরের (8 জানুয়ারি, 2022 - 31 মার্চ, 2022) জন্য, মোবাইল ক্রীড়া বাজি খেলায় স্টেটের আরোপিত করের 98 শতাংশ শিক্ষা তহবিলে যাবে, স্টেটের করের 1 শতাংশ সুবিধাবঞ্চিত শিশুদের ক্রীড়া কর্মসূচির অর্থায়ন করবে এবং স্টেটের করের 1 শতাংশ জুয়া আসক্তির শিক্ষা ও চিকিৎসার অর্থায়ন করবে। সকল লাইসেন্স ফি রাজস্ব শিক্ষাখাতে প্রদান করা হয়। 2023 অর্থবছরের নির্বাহী বাজেটের আর্থিক পরিকল্পনা (Executive Budget Financial Plan) 249 মিলিয়ন মার্কিন ডলার রাজস্বের অনুমান করে, যার মধ্যে রয়েছে 2022 অর্থবছরে ইতিমধ্যে সংগৃহীত 200 মিলিয়ন মার্কিন ডলার লাইসেন্স ফি, 2023 অর্থবছরের 357 মিলিয়ন মার্কিন ডলার, 2024 অর্থবছরের 465 মিলিয়ন মার্কিন ডলার, 2025 অর্থবছরের 493 মিলিয়ন মার্কিন ডলার, 2026 অর্থবছরের 509 মিলিয়ন মার্কিন ডলার, 2027 অর্থবছরের 518 মিলিয়ন মার্কিন ডলার। 2023 অর্থবছর থেকে জুয়া আসক্তি সমাধান কর্মসূচীর জন্য 6 মিলিয়ন মার্কিন ডলার, স্টেটব্যাপী শিশু ক্রীড়া অনুদান কর্মসূচিতে 5 মিলিয়ন মার্কিন ডলার, এবং বাকি পরিমাণ শিক্ষাখাতে প্রদান করা কার্যকর হবে।

বাজির মধ্যে ছিলো ফুটবলে 600 মিলিয়ন মার্কিন ডলারের বেশি, বাস্কেটবলে 540 মিলিয়ন মার্কিন ডলারের বেশি এবং হকিতে প্রায় 80 মিলিয়ন মার্কিন ডলার। গতকালের সুপারবোলের উপাত্ত সাপ্তাহিক মোবাইল ক্রীড়া বাজি খেলার প্রতিবেদনে (Mobile Sports Wagering Reports) অন্তর্ভুক্ত করা হবে, যা শুক্রবারে হালনাগাদ করা হয় এবং এখানে পাওয়া যাবে।

কমিশন এমন প্রবিধান বাস্তবায়ন করেছে যার ফলে অপারেটরদের জন্য অপ্রাপ্তবয়স্ক গেমিং প্রতিরোধ করা, জুয়াড়িকে ব্যয়ের সীমা নির্ধারণ করতে দেওয়ার সুযোগ প্রদান, এবং জুয়াখেলা সংশ্লিষ্ট ঝুঁকি এবং জুয়া লক্ষণ সম্পর্কিত তথ্য প্রদান করা বাধ্যতামূলক হয়।জুয়া আসক্তিতে ভুগতে থাকা নিউ ইয়র্কবাসীরা, বা জুয়া আসক্ত ব্যক্তিকে চেনে এমন কেউ স্টেটের টোলমুক্ত গোপনীয় হোপলাইনে 1-877-8-HOPENY (1-877-846-7369) নম্বরে ফোন করে বা 467369 নম্বরে টেক্সট বার্তা প্রেরণ করে সাহায্য পেতে পারবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন